৫৭

দৈনিক বাংলা

তারিখ ...2.5 OCT 1996 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭ ...

# ৬৪টি থানায় আরও শতাধিক প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হবে

**মুজতবা খন্দকার** ঃ দেশের সকল গ্রাম বা মহল্লায় একটি করে প্রাথমিক বিদ্যালয় স্থাপনের অংশ হিসাবে সরকার ৬৪টি থানায় আরও শতাধিক প্রাথমিক বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা গ্রহণ করেছে।

সংশ্লিষ্ট নির্ভরযোগ্য সূত্র জানান, এ ব্যাপারে একটি সুপারিশ তৈরির জন্য প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক সচিবের নেতৃত্বে ৪ সদস্যের একটি শক্তিশালী কমিটি সম্প্রতি গঠন করা হয়েছে। গঠিত কমিটি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মাসিক বেতনের সরকারী অংশ বৃদ্ধির ব্যাপারেও একটি সুপারিশ করবে বলে সূত্র জানান। দুইটি বিষয়ে আগামী দুই মাসের মধ্যে সরকারের কাছে তারা সুপারিশ জমা দেবে।

(৫-এর পৃঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **৬৪টি থানায়**

এই কমিটির অন্যান্য সদস্যরা হচ্ছেন অর্থ বিভাগের (বাজেট) অতিরিক্ত সচিব, এনজিও বিষয়ক ব্যুরোর মহা পরিচালক এবং প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক। সূত্র জানান, এই দুটি কর্মসূচী বাস্তবায়নের জন্য অর্থের উৎস নিরুপণ করার দায়িত্বও কমিটির উপর অর্পণ করা হয়েছে।

বর্তমান দেশে তিরিশ হাজার ২শ সরকারী ও ১৯ হাজার ৬শ ৮৪টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে বলে ঐ সূত্র জানান।

সূত্র জানান, দেশের ৬৪টি থানায় তিনটি করে নতুন পরিকল্পনা অনুযায়ী প্রাথমিক বিদ্যালয় নির্মিত হবে।

দেশের প্রায় ৭৮ হাজার বেসরকারী প্রাথমিক শিক্ষক রয়েছেন। তাঁরা বর্তমানে মাসিক বেতনের যথাক্রমে শতকরা ৭১, ৬২ ও ৫০ ভাগ সরকার থেকে পাচ্ছেন। রেজিস্ট্রেশন প্রাপ্তির পর যেসব শিক্ষকের চাকরির বয়স ৫ বছর পূর্ণ হয়েছে তারা শতকরা ৭১ ভাগ, যাদের চাকরির বয়স ২ বছরের বেশী অথচ ৫ বছর পূর্ণ হয়নি তারা ৬২ ভাগ এবং বাকিরা ৫০ ভাগ অর্থ সরকারী তহবিল থেকে পেয়ে থাকেন। এই অর্থের পরিমাণ বৃদ্ধির বিষয়টি কমিটির সুপারিশে উল্লেখ থাকবে।

সূত্র জানান, সপ্তম জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের দেয়া অঙ্গীকার এবং দলের মেনিফেষ্টোতেও দেশের প্রতিটি গ্রাম ও মহল্লায় প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠার উল্লেখ আছে। সেই অঙ্গীকার পূরণের লক্ষ্যে সরকার এই উদ্যোগ নিচ্ছে।